

বাংলাদেশ হাই কমিশন
কলম্বো, শ্রীলঙ্কা

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশের ত্রাণ সামগ্রী শ্রীলঙ্কায় হস্তান্তরিত

কলম্বো, শুক্রবার, ২৭ মে ২০১৬

শ্রীলংকার সাম্প্রতিক বন্যা ও ভূমিধ্বসে কবলিত মানুষের সাহায্যে বাংলাদেশ থেকে প্রেরিত ত্রাণ সামগ্রীর প্রথম চালান শুক্রবার শ্রীলংকায় পৌঁছেছে।

ত্রাণ সামগ্রী বহনকারী বাংলাদেশ বিমান বাহিনীর সি-১৩০ উরোজাহাজের বিশেষ ফ্লাইটটি শুক্রবার বিকেলে রাজধানী কলম্বোর কাছে কাটুনায়াকে বিমান বাহিনী ঘাঁটিতে অবতরণ করে। শ্রীলংকায় নিযুক্ত বাংলাদেশের হাই কমিশনার তারিক আহসান একটি অনাড়ম্বর অনুষ্ঠানে এই ত্রাণ সামগ্রী শ্রীলংকার দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের সচিব, মিঃ এস, এস, মিয়ানাওয়াদা-এর কাছে হস্তান্তর করেন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিমান বাহিনী ঘাঁটির অধিনায়ক, এয়ার কমডোর সাগারা কোটাকাদেনিয়া; বাংলাদেশ হাই কমিশনের প্রতিরক্ষা উপদেষ্টা, কমডোর আসলাম পারভেজ, বাংলাদেশ হাই কমিশনের কাউন্সেলর, মালেকা পারভীন; ফ্লাইটে আগত প্রতিরক্ষা কর্মকর্তাগণ, অন্যান্য কর্মকর্তাগণ এবং গণমাধ্যমের প্রতিনিধিগণ।

শ্রীলংকার দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের সচিব, তাঁর বক্তব্যে, ত্রাণ সামগ্রী প্রেরণের জন্য বাংলাদেশ সরকারের ভূয়সী প্রশংসা করেন। তিনি উল্লেখ করেন যে, বাংলাদেশ থেকে প্রেরিত ত্রাণ সামগ্রীসমূহ সু-নির্বাচিত হওয়ার কারণে সেগুলো শ্রীলংকার বন্যার্ত মানুষের জন্য অত্যন্ত উপযোগী হবে। বাংলাদেশের হাই কমিশনার উল্লেখ করেন যে, সাম্প্রতিক প্রলয়ঙ্করী বন্যা ও ভূমিধ্বসে ক্ষতিগ্রস্ত বন্ধুপ্রতিম শ্রীলংকার জনগণের সহায়তায় মাননীয় প্রধানমন্ত্রী নির্দেশনায় বাংলাদেশ সরকারের প্রেরিত ত্রাণ সামগ্রী হস্তান্তর করতে পেরে তিনি গর্বিত বোধ করছেন। বাংলাদেশ যখন নিজেই সাম্প্রতিক ঘূর্ণিঝর রুওয়ানা-এর ক্ষতি থেকে পুনর্বাসন প্রচেষ্টায় লিপ্ত, তখন ত্রাণ প্রেরণের এই বিষয়টি দু'দেশের মধ্যে বিরাজমান সহমর্মিতারই এক উজ্জ্বল নিদর্শন। তিনি আরো উল্লেখ করেন যে, বন্যায় আক্রান্ত মানুষের হালনাগাদ চাহিদা অনুযায়ী বাংলাদেশ থেকে ত্রাণ সামগ্রীর পরবর্তী চালানসমূহ আগামী সপ্তাহে শ্রীলংকায় পৌঁছাবে।
